# দেশের জনগণ আর মেনে নেবে না আ.লীগের রাজনীতি: মির্জা ফখরুল




সংগৃহীত ছবি

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাসী কর্মকাণ্ড চালিয়ে ক্ষমতায় টিকে থাকার চেষ্টা করেছিলেন। তিনি উল্লেখ করেছেন, দেশের মানুষ আর আওয়ামী লীগকে ক্ষমা করবে না, কারণ তারা জনগণের উপর হত্যা, জুলুম ও নির্যাতন চালিয়েছে।

মঙ্গলবার (১১ নভেম্বর) দুপুরে ঠাকুরগাঁওয়ের বড়গাঁও ইউনিয়নের লক্ষীরহাট উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত এক মতবিনিময় সভায় মির্জা ফখরুল এসব মন্তব্য করেন।

তিনি বলেন, “শেখ হাসিনা ভারতে বসে দেশের অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করছেন। গাড়ি পোড়ানো, হরতাল ডাকাসহ দেশের সম্পদ নষ্ট করার মতো কর্মকাণ্ড করছেন, কিন্তু দেশের মাটিতে আসছেন না। তাকে এই দেশে ফিরে আসতে দেওয়া উচিত।”

শেখ হাসিনার উদ্দেশে তিনি বলেন, “যদি সাহস থাকে এবং জনগণের প্রতি সত্যিকারের ভালোবাসা থাকে, তাহলে দেশে এসে জনগণের সঙ্গে সরাসরি রাজনীতি করুন।”

মির্জা ফখরুল আরও অভিযোগ করেন, “এই দেশে জামায়াতের ভোট নেই। তারপরও পিআর ও অন্যান্য দাবির আড়ালে নির্বাচনের তারিখ পিছানোর চেষ্টা করছে সরকার।”